মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মেহেরপুর-৭১০০।

মোবাইল নং-০১৭৬৯৪০০০৪৮,ফোন নং-০২-৪৭৭৭৯২৩৮২, ৪৭৭৭৯২৩২৫,ই-মেইল:gmmpbs@gmail.com, Web: http://pbs.meherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৭৮৭.৫৩০.০১.০৩৮.২৩. ৩৮৯৪ .

তারিখ: ২৭ আগস্ট' ২০২৩ খ্রি:
১২ ভাদ্র' ১৪৩০ বঙ্গাব্দ

## উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM)

মেহেরপুর পবিসের (১) ২০২১-২০২২ অর্থ বৎসরের (০১/০৮/২০২১খ্রিঃ হতে ৩১/০৭/২০২২খ্রিঃ পর্যন্ত) সমিতি পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের ব্যবহার অনুপযোগী কনডেম অনুমোদিত মালামাল "যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থায়", নিলামে বিক্রয়ের জন্য (২) কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ ক্রয় এবং (৩) ফটোকপি মেশিন, ডিজিটাল ক্যামেরা এবং কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ সরবরাহের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট হতে সাদা কাগজ/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত বিবরণও স্বাক্ষরসহ সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছেঃ

<table>
<tr><th rowspan="2">ক্রঃ নং</th><th rowspan="2">দরপত্র নং</th><th rowspan="2">মালামালের বিবরণ</th><th rowspan="2">দরপত্র দলিলের বিক্রয়মূল্য (অফেরতযোগ্য)</th><th rowspan="2">দরপত্রের সহিত দাখিলকৃত আর্নেষ্টমানি (ফেরতযোগ্য)</th><th rowspan="2">দরপত্র দলিল (টেন্ডার ডকুমেন্ট বিক্রয়ের সময়সূচী)</th><th colspan="2">দরপত্র গ্রহণ/খোলার স্থান ও সময়সূচী</th></tr>
<tr><th>গ্রহণ</th><th>খোলা</th></tr>
<tr><td>০১</td><td>দরপত্র নং-০৪/২০২৩ — ২০২৪ (নিলাম বিজ্ঞপ্তি)</td><td>হার্ডওয়্যার/লৌহ জাতীয় মালামাল, মিটার, প্লাষ্টিকের ববিন ও সিটি/পিটি</td><td>১,০০০/- (এক হাজার) টাকা</td><td>দাখিলকৃত দরের ২৫%</td><td rowspan="3">১। পরিচালক<br>পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও<br>২। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর, (২৭/০৮/২০২৩ খ্রিঃ হইতে ০৭/০৯/২০২৩ খ্রিঃ অফিস চলাকালীন সময় পর্যন্ত</td><td rowspan="3">১। পরিচালক<br>পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও<br>২। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। ১০/০৯/২০২৩ খ্রিঃ সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত</td><td rowspan="3">১। পরিচালক<br>পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ও<br>২। মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর। ১০/০৯/২০২৩ খ্রিঃ সকাল ১১.০৫ ঘটিকা</td></tr>
<tr><td>০২</td><td>দরপত্র নং-০৫/২০২৩ — ২০২৪ (মালামাল সরবরাহের বিজ্ঞপ্তি)</td><td>কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ</td><td>১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা</td><td>৭০০০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>দরপত্র নং-০৬/২০২৩ — ২০২৪ (মালামাল সরবরাহের বিজ্ঞপ্তি)</td><td>ফটোকপি মেশিন, ডিজিটাল ক্যামেরা এবং কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ</td><td>১,০০০/- (এক হাজার) টাকা</td><td>৩৪০০০/-</td></tr>
</table>

# “ক” নিলামের ক্ষেত্রে

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ের মধ্যে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে এবং দরপত্র দলিল দেখতে পারবেন।

০২। আগ্রহী দরদাতাগণ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে প্রতিটি দরপত্রের জন্য ১,০০০/- (এক হাজার) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর জেনারেল ম্যানেজার বরাবরে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (ক) জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর-৭১০০ (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ হতে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ/গ্রহণ করা হবে না।

০৩। উপরে বর্ণিত নির্ধারিত সময়সূচী অনুযায়ী অফিস সময়ের মধ্যে (ক) জেনারেল ম্যানেজার, মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, মেহেরপুর-৭১০০ (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ম তলা), নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এই ঠিকানায় দরপত্র দলিল পৌঁছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল হিসেবে গণ্য করা হবে।

০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত (ফেরতযোগ্য) মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সঙ্গে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া দরপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতার দরই কৃতকার্য দর হিসেবে বিবেচিত হবে।

০৫। কর্তৃপক্ষ কর্তৃক ধার্যকৃত সর্বনিম্ন নিলাম দরের নিচে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না। আইটেম ওয়ারী একক সর্বোচ্চ দরদাতার দরকে বিবেচিত না করে প্রাপ্ত সকল আইটেমের একত্রে দাখিলকৃত সর্বোচ্চ দরদাতার দর বিবেচনা করা হবে।

০৬। সীলমোহরকৃত নিলামদরপত্র খামের উপরে স্পষ্টাক্ষরে “মেহেরপুর পবিসের পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের ব্যবহার অনুপযোগী মালামালের নিলাম দরপত্র” স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। দরপত্রে কোন কাটা, ছেঁড়া/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে।

০৭। কৃতকার্য দরদাতা কর্তৃক মালামাল গ্রহণের সময় মালামালের গুণগতমান সম্পর্কে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০৮। কৃতকার্য নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনেরো) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায় দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সমিতির অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

০৯। কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যে উপর ৭.৫% ভ্যাট এবং ১০% উৎসে কর সরকারি খাতে জমা প্রদান করে ট্রেজারী চালানের কপি সমিতিতে দাখিল পূর্বক মালামাল গ্রহণ করতে হবে।

১০। দর দাখিলের ক্ষেত্রে একক মূল্যের সাথে মোট মূল্যের গাণিতিক পার্থক্য পরিলক্ষিত হলে সেক্ষেত্রে দাখিলকৃত একক মূল্য বিবেচনায় দর মূল্যায়ন করা হবে।

১১। পবিসে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী এবং এলাকা পরিচালক/মহিলা পরিচালকগণ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন না।

১২। বর্ণিত মালামালসমূহ ০৯/০৯/২০২৩খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে পরিদর্শন করা যাবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। আগ্রহী নিলাম দরদাতাগণ নিলাম বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট http://pbs.meherpur.gov.bd এ দেখতে পারবেন।

# "খ" দরপত্র বিজ্ঞপ্তি (OTM) এর ক্ষেত্রে

শর্তাবলীঃ

ক) অফারকৃত আইটেমের স্পেসিফিকেশন প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দাখিল করতে হবে।

খ)অফারকৃত স্পেসিফিকেশনের স্বপক্ষে Component- এর মূল Printed Catalog/Broucher অবশ্যই দাখিল করতে হবে।

গ) সমিতির প্রদত্ত Specification অনুযায়ী স্থানীয় বাজারে না পাওয়া গেলে প্রদত্ত স্পেসিফিকেশনের বিপরীতে উন্নত মডেল প্রদান করা যাবে, তবে এই ক্ষেত্রে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণীসহ) থাকতে হবে।

ঘ) ফটোকপি মেশিন,ডিজিটাল ক্যামেরা এবং কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ সমূহ সরবরাহের ক্ষেত্রে দরদাতা প্রতিষ্ঠানের অবশ্যই বাংলাদেশ কম্পিউটার সমিতির সদস্যপদ থাকতে হবে। এর প্রমাণ স্বরূপ সদস্য নম্বর উল্লেখ করতে হবে এবং কম্পিউটার সমিতির এতদসংক্রান্ত পত্রের সত্যায়িত অনুলিপি প্রদান করতে হবে।

ঙ) দরপত্রের সহিত কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে সন্তোষজনকভাবে ফটোকপি মেশিন,ডিজিটাল ক্যামেরা এবং কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ সরবরাহ প্রযোজ্যক্ষেত্রে কনফিগারেশনসহ ডোমেন সার্ভার ভিত্তিক লোকাল এরিয়া নেটওয়ার্ক স্থাপন ও করফিগারেশন কাজের অভিজ্ঞতা সনদপত্র অবশ্যই দাখিল করতে হবে (সনদপত্রের সঠিকতা যাচাই এ বর্ণিত কাজের কার্যাদেশ ও কার্য্য সম্পাদনের সনদপত্র থাকা বাঞ্চনীয়)। কার্যাদেশ প্রদানের পূর্বে প্রতিষ্ঠানের প্রদত্ত দলিলাদি সমিতি/বাপবিবোর প্রতিনিধি সরেজমিনে যাচাই করতে পারবেন।

চ) অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য সার্ভিস সেন্টার এবং স্থায়ী লোকবল থাকতে হবে। তাহাদের সার্ভিস সেন্টারের ঠিকানা এবং হার্ডওয়্যার মেরামতকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের (ন্যূনতম ০২ জন) বিস্তারিত জীবনবৃত্তান্ত ও ফটো প্রদান করিতে হবে। কার্যাদেশ প্রদানের পূর্বে প্রতিষ্ঠানের অফিস ও সার্ভিস সেন্টার সমিতি/বাপবিবোর প্রতিনিধি পরিদর্শন করতে পারবেন।

ছ) দরপত্রের সহিত দাখিলকৃত মূল্যের কমপক্ষে ৫০% মূল্যের ফটোকপি মেশিন,ডিজিটাল ক্যামেরা এবং কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ মালামাল সরবরাহের সন্তোষজনক কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।

জ) সরবরাহকারী দাখিলকৃত ফটোকপি মেশিন,ডিজিটাল ক্যামেরা এবং কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ সংশ্লিষ্ট মালামালের ক্ষেত্রে Manufacturer এর Authorisation Letter /Dealer Ship /Distributor/Re-seller হিসাবে সনদ থাকিতে হইবে।

ঝ) মালামাল সরবরাহকালে প্রত্যেক মালামালের সাথে সরবরাহকারীর নাম, কার্যাদেশ নং, তারিখ ও ক্রমিক নং সম্বলিত একটি স্টিকার লাগানো থাকতে হবে।

ঞ) ফটোকপি মেশিন,ডিজিটাল ক্যামেরা এবং কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ সমূহ সরবরাহ করার পর পবিস নির্দেশিকা ৩০০-৩৬ এর আলোকে পরিদর্শন করে নিতে হবে। সকল আইটেম এর মালামালসমূহ বাপবিবোর্ডের আইসিটি দপ্তর পরিদর্শন করতে পারবে।

ট) বিল প্রদানের সময় নিরাপত্তা জামানত হিসেবে মোট বিলের ১০% অর্থ কর্তন করিয়া রাখা হইবে, যাহা মালামালের গুনগতমান অক্ষুন্ন থাকা সাপেক্ষে মালামাল সরবরাহের ০১ (এক) বৎসর পর ফেরত প্রদান করা যাইতে পারে। দাখিলকৃত মোট বিল হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর ও ভ্যাট কর্তন করা হবে।

ঠ) স্পেসিফিকেশনে উল্লেখিত সময়ের জন্য ওয়ারেন্টি প্রদান করিতে হইবে। পূর্ন ওয়ারেন্টি কালের মধ্যে মালামাল সমূহে কোন সমস্যা দেখা দিলে তাহা নিজ খরচে অনধিক ৩০ দিনের মধ্যে মেরামত/পরিবর্তন করিয়া দিতে হইবে।

ড) বর্নিত শর্ত সমূহে কোন বিষয় উল্লেখ না থাকলে সেক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুরান্ত বলে গণ্য হবে। কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেখেই যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

ণ) আগ্রহী দরদাতাগণ বিজ্ঞপ্তিটি সমিতির ওয়েব সাইট http://pbs.meherpur.gov.bd এ দেখতে পারবেন।

(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ-সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক, পবিস মনিঃ ও ব্যাঃপঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
বাপবিবোর্ডের ওয়েব সাইড ও নোটিশ বোর্ডে বহুল প্রচারের অনুরোধসহ
০৩। জেলা প্রশাসক, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৪। পুলিশ সুপার, মেহেরপুর/চুয়াডাঙ্গা।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার...............পবিস-১/২/৩/৪।
০৬। ডিজিএম (কারিগরী)/চুয়াডাঙ্গা/আলমডাঙ্গা/গাংনী/জীবননগর জোনাল অফিস, মেপবিস।
০৭। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/রাজস্ব/ইএন্ডসি/এমএস/মানব সম্পদ), মেপবিস।
০৮।এজিএম (ওএন্ডএম)-সদর/বামুন্দী/কার্পাসডাঙ্গা/হাটবোয়ালিয়া/দর্শনা/মুজিবনগর সাব-জোনাল অফিস, মেপবিস।
০৯। এজিএম (আইটি), মেপবিস। (পবিস এর ওয়েব সাইটে প্রচারের নির্দেশনা প্রদানসহ)।
১০। নোটিশ বোর্ড, মেপবিস।
১১। অফিস/মাস্টার কপি।

(স্বদেশ কুমার ঘোষ)
জেনারেল ম্যানেজার